তারিখ ... 3 APR 2009 ...
পৃষ্ঠা ... ২৬ কলাম ৬ ...

# কওমী মাদ্রাসাগুলো এখন জঙ্গি প্রজনন কেন্দ্র শীর্ষক খবরের প্রতিবাদ

ইসলামী ছাত্র মোর্চার আহবায়ক আলতাফ হোসাইন 'কওমী মাদ্রাসাগুলো এখন জঙ্গি প্রজনন কেন্দ্র' আইনমন্ত্রীর এই বক্তব্যের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করে বলেছেন যে, এতে কওমী মাদ্রাসা সম্পর্কে আইনমন্ত্রীর অজ্ঞতারই বহিঃপ্রকাশ ঘটেছে। ছাত্র মোর্চার আহবায়ক আইনমন্ত্রীর বক্তব্যের তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন যে, মুসলিম জীবন ব্যবস্থা নির্মাণের কাজে নিয়োজিত কওমী মাদ্রাসার কারণেই দেশে নৈতিকতা এখনো বজায় আছে।

তিনি বলেন, আইনমন্ত্রীর ন্যায় সরকারের একজন দায়িত্বশীল ব্যক্তি দেশের জনগণের সহায়তায় প্রতিষ্ঠিত মাদ্রাসাসমূহে নিরক্ষরতা দূরীকরণসহ এতিম-অনাথদের লালন-পালন করে আসছে। যারা জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলছে। স্বেচ্ছাশ্রমের মাধ্যমে উলামায়ে কেরাম এসব মাদ্রাসা পরিচালনা করে ইসলামী শিক্ষার

(১৫শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## কওমী মাদ্রাসাগুলো

শেষ পৃষ্ঠার পর

পালন করে চলছে। স্বেচ্ছাশ্রমের মাধ্যমে উলামায়ে কেরাম এসব মাদ্রাসা পরিচালনা করে ইসলামী শিক্ষার ধারাবাহিকতা বজায় রেখে চলেছে। কিন্তু আইনমন্ত্রী কিসের ভিত্তিতে এই মন্তব্য করলেন তা বোধগম্য নয়। বিবৃতিতে বলা হয় যে, জঙ্গিদের ধুয়া তুলে ইসলামী জাগরণ কে ঠেকানো যাবে না। কওমী মাদ্রাসা বন্ধের সকল ষড়যন্ত্র প্রতিহত করতে ছাত্র সমাজকে এগিয়ে আসার আহবান জানান।